শিয়াল
আর
সারস

এক জঙ্গলে এক শিয়াল আর সারস বসবাসকরত| শিয়াল সবসময়ই সারসের অদ্ভুত চেহারার জন্য মনে মনে হাসত| একবার সারসের সঙ্গে রসিকতা করার জন্য শিয়াল মনে মনে এক ফন্দি আঁটল|

ব্যস্! যেমন ভাবা আর কি| সারসকে ডেকে শিয়াল বলল "বন্ধু, আজ রাতে তুমি আমার বাড়ীতে খেতে এসো কেমন|" আর মনে মনে নিজের বানানো ফন্দির কথা ভেবে বেজায় হাসল|

এদিকে সারস তো শিয়ালের নিমন্ত্রণ পেয়ে খুব খুশি| যথারীতি পেটে প্রচুর খিদে নিয়ে শিয়ালের বাড়ী পৌঁছে গেল|

রাতে খাবারে, সারসকে সে একটি অগভীর পাত্রে স্যুপ পরিবেশন করল| কিন্তু বেচারি সারস তার লম্বা ঠোঁট দিয়ে এক ফোঁটা স্যুপ ও পান করতে পারল না|
ধূর্ত শিয়াল এই সুযোগেরই অপেক্ষায় ছিল| অতি সহজেই সারসকে দেখিয়ে দেখিয়ে সেই স্যুপ সে চেটে খেয়ে নিল| এইভাবে সারসের সামনে রসিকতার এক সুন্দর দৃশ্য উপস্থাপন করল|

ক্ষুধার্ত সারস শিয়ালের এমন কৌতুকে মোটেও খুশি হল না| রাগে দুঃখে পেটে খিদে নিয়ে খুব কষ্ট পেয়ে সে তার নিজের বাসায় ফিরে গেল| কিছুদিন পরেই সারস এই অপমানের প্রতিশোধ নেবার জন্যে শিয়ালকে রাতে নিমন্ত্রণ করল| আর শিয়ালও যথাসময়ে সারসের বাড়ী পৌঁছে গেল|

রাতের খাবারে সে শিয়ালকে মাছ পরিবেশন করল| মাছের ভরপুর গন্ধে চারপাশ একেবারে ম ম করছিল| কিন্তু বুদ্ধিমান সারস শিয়া-লকে একটা লম্বা সরু গলাওলা জারে খাবার পরিবেশন করল|

সারস তো অতি সহজেই সরু লম্বা গলা দিয়ে জারের ভিতর মুখ ঢুকিয়ে খাবার খেল| কিন্তু শিয়াল পড়ল মুশকিলে! তার মুখ আর কি করে ঐ সরু গলা জারে ঢোকাবে? সে খালি সুস্বাদু খাবারের ঘ্রাণ নিয়েই ক্ষান্ত রইল|

নীতিকথা- অন্যকে শ্রদ্ধা করলে তবেই শ্রদ্ধা পাওয়া যায়|